একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২৪/২০১৬/১৫৪০৪ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

নাজমুল হক মদিনাতুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: খিলগাঁও, উপজেলা: খিলগাঁও, জেলা: ঢাকা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৭-০৬-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ৩০-০৬-২০২৫ থেকে ২৯-০৬-২০২৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ও শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সকল স্তরে ভালো ফলাফল অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. গভর্নিং বডি কর্তৃক কমিটি গঠন করে মাদরাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নথি পর্যালোচনাপূর্বক নিয়োগ প্রদানের (সনদের ফটোকপিসহ) সকল কাগজপত্র সিরিয়াল নম্বর করে নথিতে সংরক্ষণ করতে হবে;

৩. শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষা এবং আইসিটি বিষয়ে দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪. মাদরাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গভর্নিং বডি কর্তৃক কমিটি গঠনপূর্বক অনুপস্থিত ও বিলম্বে মাদরাসায় উপস্থিতগণদের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;

৬. রেজিস্টার খাতায় লিপিবদ্ধপূর্বক নথি খোলা, নথিতে ফাইল নোট অনুমোদনপূর্বক সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার পাশাপাশি দীর্ঘস্থায়ীভাবে নথি সংরক্ষণ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;

৮. মাদরাসার ঐতিহ্য অনুযায়ী হাদিস মুখস্তকরণের চর্চা চালু করতে হবে এবং বিভিন্ন পুরস্কার প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদেরকে এ ব্যাপারে উৎসাহিত করতে হবে;

৯. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও সিসি টিভি ও আইপিএস-এর ব্যবস্থা করতে হবে;

১০. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

১১. শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৯/১১/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, নাজমুল হক মদিনাতুল উলুম কামিল মাদরাসা
ডাকঘর: খিলগাঁও, উপজেলা: খিলগাঁও, জেলা: ঢাকা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-২৪/২০১৬/১৫৪০৪ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নাজমুল হক মদিনাতুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: খিলগাঁও, উপজেলা: খিলগাঁও, জেলা: ঢাকা।
৭. অফিস নথি।

(আরিফ আহমদ) 26.11.2025
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫